ভর্তি বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯

১। জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) **২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে** ০৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও বিবিএ **১ম** বর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে (http://admission.jnu.ac.bd অথবা http://admissionjnu.info) আবেদন আহ্বান করছে।

২। **আবেদনের যোগ্যতা :**

যে সকল শিক্ষার্থী ২০১৫ বা ২০১৬ সালে এসএসসি/সমমান এবং ২০১৮ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তারা আবেদন করতে পারবে।

ইউনিট/বিভাগ	যে সকল শাখার ছাত্রছাত্রী আবেদন করতে পারবে	ন্যূনতম যোগ্যতা
ইউনিট-১ বিজ্ঞান শাখা	বিজ্ঞান, মাদ্রাসা (বিজ্ঞান), ভোকেশনাল (এইচএসসি)	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৮.০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০ এর নিচে নয়।
ইউনিট-২ মানবিক শাখা	মানবিক, মিউজিক, গার্হস্থ্য অর্থনীতি, মাদ্রাসা (সাধারণ) মাদ্রাসা (মুজাব্বিদ)	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৭.৫ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০ এর নিচে নয় ।
ইউনিট-৩ বাণিজ্য শাখা	বাণিজ্য, ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), ডিপ্লোমা ইন কমার্স	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৮.০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০ এর নিচে নয়।
→ সংগীত বিভাগ → চারুকলা বিভাগ → নাট্যকলা বিভাগ → ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ	সকল শাখার ছাত্রছাত্রী আবেদন করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাক্ বিএফএ সার্টিফিকেটধারী শিক্ষার্থীরাও চারুকলা বিভাগে আবেদন করতে পারবে।	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৭.০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ২.৫ এর নিচে নয় এবং এইচএসসিতে বাংলা ও ইংরেজি বিষয়ে অবশ্যই ন্যূনতম **B** গ্রেড থাকতে হবে।

৩। **পরীক্ষার পদ্ধতি :**

লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার সময়কাল হবে ১ ঘণ্টা ৩০ মিনিট।

পরীক্ষার নম্বর বণ্টন :

লিখিত পরীক্ষা	৭২ নম্বর
এসএসসি থেকে	১২ নম্বর
এইচএসসি থেকে	১৬ নম্বর
মোট	**১০০ নম্বর**

নিম্নে প্রদত্ত প্রতিটি ইউনিটে তিনটি বিষয়ের উপর লিখিত পরীক্ষা নেয়া হবে :

ইউনিট	পরীক্ষার বিষয়
ইউনিট-১ বিজ্ঞান শাখা	i) পদার্থবিজ্ঞান ii) রসায়ন iii) গণিত অথবা জীববিজ্ঞান
ইউনিট-২ মানবিক শাখা	i) বাংলা ii) ইংরেজি iii) বাংলাদেশ ও সমসাময়িক বিশ্ব (শিল্প সাহিত্য অথবা আর্থ-সামাজিক বিষয়ে বাংলা এবং/অথবা ইংরেজিতে সীমিত সংখ্যক বাক্য লিখতে হবে) এবং সাধারণ বুদ্ধিমত্তা
ইউনিট-৩ বাণিজ্য শাখা	i) হিসাব বিজ্ঞান ii) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ব্যবসায় নীতি ও প্রয়োগ এবং গাণিতিক বুদ্ধিমত্তা iii) ভাষাজ্ঞান (সমসাময়িক ব্যবসায় ও অর্থনীতি সংক্রান্ত বিষয়ে বাংলা এবং ইংরেজিতে সীমিত সংখ্যক বাক্য লিখতে হবে)

❖ **উপরোল্লিখিত ইউনিটসমূহে প্রত্যেক বিষয়ে লিখিত পরীক্ষার জন্য প্রশ্ন থাকবে ৬টি, প্রতিটি প্রশ্নের নম্বর ৪ করে প্রতি বিষয়ে মোট ৬×৪ = ২৪ নম্বর থাকবে এবং তিনটি বিষয়ে সর্বমোট নম্বর হবে ২৪×৩ = ৭২।**

❖ **সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ -এ ৪টি বিভাগে সম্মিলিত লিখিত পরীক্ষা হবে না। শুধু বিষয়ভিত্তিক ব্যবহারিক এবং মৌখিক ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নেয়া হবে। পরীক্ষার ধরন বিভাগই ঠিক করবে।**

সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ -এ ৪টি বিভাগে নম্বর বণ্টন হবে নিম্নরূপ :

এসএসসি থেকে	২০ নম্বর
এইচএসসি থেকে	৩০ নম্বর
ব্যবহারিক এবং মৌখিক	৫০ নম্বর
মোট	**১০০ নম্বর**

৪। **আবেদন পদ্ধতি :**

(ক) **ইউনিট-১ বিজ্ঞান শাখা, ইউনিট-২ মানবিক শাখা** ও **ইউনিট-৩ বাণিজ্য শাখাতে** আবেদন করার জন্য http://admission.jnu.ac.bd অথবা http:// admissionjnu.info ওয়েবসাইটে login করে এসএসসি এবং এইচএসসি পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ডের নাম, পাসের সন এবং নিজস্ব মোবাইল নম্বর দিতে হবে। উল্লিখিত তথ্যগুলো সঠিকভাবে Input দেয়ার পর Submit button এ ক্লিক করতে হবে। আবেদনের জন্য যোগ্য বিবেচিত হলে আবেদনকারীকে একটি Application ID দেয়া হবে এবং তা সংরক্ষণ করতে হবে। উক্ত Application ID Number দিয়ে bKash অথবা SureCash অথবা Rocket মোবাইল ব্যাংকিং এর **মাধ্যমে ১০০/- টাকা জমা দিয়ে প্রাথমিকভাবে আবেদন করতে হবে।**

প্রাথমিকভাবে আবেদনের সময়কাল :

ইউনিট-১ বিজ্ঞান শাখা, ইউনিট-২ মানবিক শাখা ও **ইউনিট-৩ বাণিজ্য শাখার** ক্ষেত্রে **:**

০৫-০৮-২০১৮ তারিখ বেলা ১২.০০ টা থেকে **২৭-০৮-২০১৮** তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আবেদন করা যাবে।

প্রাথমিক বাছাই :

আবেদনের নির্ধারিত তারিখ (যা উপরে উল্লেখ করা হয়েছে) শেষ হলে পরে যারা ১০০/- টাকা দিয়ে আবেদন করেছেন, তাদের মধ্য থেকে **প্রতি ইউনিটে** মেধার ভিত্তিতে **ত্রিশ হাজার** প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রাথমিকভাবে বাছাই করা হবে। **ত্রিশ হাজার** ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রী বাছাই করার জন্য এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরকে (৪র্থ বিষয়সহ) ভিত্তি করে যোগ্য পরীক্ষার্থীদের তালিকা প্রস্তুত করা হবে। **যদি একই পয়েন্ট/নম্বর প্রাপ্ত ত্রিশ হাজারতম প্রার্থী একাধিক হয় তাহলে তাদেরকেও ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে।** পরীক্ষা দেয়ার জন্য যোগ্য **প্রাথমিকভাবে বাছাইকৃত ত্রিশ হাজার পরীক্ষার্থীর নাম ও রোল নম্বর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে** এবং পরীক্ষার্থীদের প্রদানকৃত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমেও জানিয়ে দেয়া হবে। আরো উল্লেখ্য যে, প্রাথমিকভাবে বাছাইকৃত প্রত্যেক ইউনিটের **ত্রিশ হাজার** পরীক্ষার্থীর মধ্যে অন্তর্ভুক্ত আবেদনকারীরাই কোটার সুবিধা পাবে। **এই শর্ত পোষ্য কোটাসহ সকল কোটার ক্ষেত্রে প্রযোজ্য হবে।** ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনকারীকে লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য **ভর্তি পরীক্ষা ফি বাবদ** bKash অথবা SureCash অথবা Rocket মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে **৫০০/- টাকা জমা দিতে হবে।**

৩১/০৮/২০১৮ তারিখ বেলা ১২.০০ টা থেকে ১৫/০৯/২০১৮ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত টাকা জমা দেয়া যাবে।

৪। (খ) **সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগে ভর্তির আবেদন পদ্ধতি :**

সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগে আবেদন করার জন্য http://admission.jnu.ac.bd অথবা http:// admissionjnu.info ওয়েবসাইটে login করে এসএসসি এবং এইচএসসি পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ডের নাম, পাসের সন এবং নিজস্ব মোবাইল নম্বর দিতে হবে। উল্লিখিত তথ্যগুলো সঠিকভাবে Input দেয়ার পর Submit button এ ক্লিক করতে হবে। আবেদনের জন্য যোগ্য বিবেচিত হলে আবেদনকারীকে একটি Application ID দেয়া হবে এবং তা সংরক্ষণ করতে হবে। একজন আবেদনকারী নিজেকে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য মনে করলে সংগীত বিভাগ, চারুকলা বিভাগ, নাট্যকলা বিভাগ, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ-এই ৪টি বিভাগেই আলাদাভাবে আবেদন করতে পারবে। প্রতিটি বিভাগে ভর্তি পরীক্ষায় (ব্যবহারিক এবং মৌখিক) অংশগ্রহণ করার জন্য (যোগ্য আবেদনকারীকে) **ভর্তি পরীক্ষা ফি বাবদ** bKash অথবা SureCash অথবা Rocket মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে **৪০০/- টাকা জমা দিতে হবে।**

৩১/০৮/২০১৮ তারিখ বেলা ১২.০০ টা থেকে ১৫/০৯/২০১৮ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত টাকা জমা দেয়া যাবে ।

৫। **প্রাথমিকভাবে বাছাইকৃত ত্রিশ হাজার আবেদনকারীর করণীয় :**

(ক) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনকারীকে লিখিত **ভর্তি পরীক্ষা ফি বাবদ ৫০০/- টাকা জমা দিতে হবে যা ৩১/০৮/২০১৮** তারিখ বেলা ১২.০০ টা থেকে **১৫/০৯/২০১৮** তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত জমা দেয়া যাবে।

(খ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার রোল নম্বর এবং **JnU Admission System** থেকে প্রদানকৃত **Application ID Number** ব্যবহার করে **JnU Admission** ওয়েবসাইটে **(http://admission.jnu.ac.bd অথবা http:// admissionjnu.info)** login করতে হবে ।

(গ) login করার পরে **আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি (যার Background সাদা ৩০০x৩০০ পিক্সেল সর্বোচ্চ ১৫০ kb সাইজ, JPG ফরম্যাট) এবং স্বাক্ষর (৩০০x৮০পিক্সেল) Upload করতে হবে।**

(ঘ) কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর কোটাভুক্ত হওয়ার জন্য কোটা সংক্রান্ত নির্ধারিত তথ্য Upload করতে হবে, যেমন : মুক্তিযোদ্ধার সন্তান কোটা (**FFQ**)/ মুক্তিযোদ্ধার নাতি-নাতনি কোটা (**FFG**)/ পোষ্য(ওয়ার্ড) কোটা (**WQ**)/ উপজাতি কোটা (**TQ**)/ শারীরিক প্রতিবন্ধী কোটা (**PDQ**)/ খেলোয়াড় কোটা (**BKSP**) উল্লেখ করতে হবে। **উল্লেখ্য যে আবেদন করার সময় কোটা উল্লেখ না করলে পরবর্তীতে কোটাভুক্তির আবেদন বিবেচনা করা হবে না।**

(ঙ) পূরণকৃত ফরমে যে তথ্য দেয়া হয়েছে তা পুনরায় চেক করতে হবে। মনে রাখতে হবে Final Submit Button-এ Click করার পর পূরণকৃত ফরমের কোন তথ্য পরিবর্তন করা যাবে না। তাই Final Submit Button-এ Click করার আগেই নিশ্চিত হতে হবে যে ফরমটি যথাযথভাবে পূরণ করা হয়েছে। চেক করার পর সকল তথ্য যথাযথ হলে Final Submit Button-এ Click করতে হবে। অতঃপর প্রবেশপত্র (**Admit Card**) প্রিন্ট করে নিজের কাছে সংরক্ষণ করতে হবে এবং পরীক্ষার দিন অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে এবং পরীক্ষার হলে প্রত্যবেক্ষক-কে প্রদর্শন করতে হবে।

৬। **ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফি-এর পরিমাণ ও জমা দেয়ার পদ্ধতি :**

(ক) JnU Admission System থেকে প্রদানকৃত Application ID Number ব্যবহার করে bKash অথবা SureCash অথবা Rocket মোবাইল ব্যাংকিং-এর যে কোন একটি মাধ্যমে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফি জমা দেয়া যাবে। **ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফি'র পরিমাণ হবে নিম্নরূপ:**

(i) প্রাথমিক আবেদনের জন্য :

- **bKash** এ ১০০/- টাকা জমা দেয়ার জন্য সার্ভিস চার্জসহ ১০১/- টাকা, **SureCash** এ ১০০/- টাকা জমা দেয়ার জন্য ১০০/- টাকা + সার্ভিস চার্জ ৪/- টাকা, **Rocket** এ ১০০/- টাকা জমা দেয়ার জন্য ১০০/- টাকা + সার্ভিস চার্জ ১/- টাকা জমা দিতে হবে।

(ii) ৪টি বিভাগে শুধুমাত্র ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য :

- **bKash** এ ৪০০/- টাকা সার্ভিস চার্জসহ ৪০৪/- টাকা, **SureCash** এ ৪০০/- টাকা + সার্ভিস চার্জ ৪/- টাকা এবং **Rocket** এ ৪০০/- টাকা + সার্ভিস চার্জ ৪/- টাকা জমা দিতে হবে।

(iii) ইউনিট-১ বিজ্ঞান শাখা, ইউনিট-২ মানবিক শাখা, ইউনিট-৩ বাণিজ্য শাখায় প্রাথমিকভাবে বাছাইকৃতদের জন্য :

- **bKash** এ ৫০০/- টাকা সার্ভিস চার্জসহ ৫০৫/- টাকা, **SureCash** এ ৫০০/- টাকা + সার্ভিস চার্জ ৫/- টাকা এবং **Rocket** এ ৫০০/- টাকা + সার্ভিস চার্জ ৫/- টাকা জমা দিতে হবে।

৬। **(খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি :**

bKash-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি	**SureCash-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি**	**Rocket মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি**
বিকাশ একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে আবেদন ফি জমা দেয়ার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: (i) Dial *247# (ii) Payment এর জন্য **3** Press করতে হবে। (iii) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের Merchant Account নম্বর **01994555666** এন্টার করতে হবে। (iv) Amount Field এ Amount লিখতে হবে। (v) অনলাইন থেকে প্রাপ্ত Application ID Number টি রেফারেন্স ফিল্ড এ Input দিতে হবে। (vi) Counter Number এ **1** Press করতে হবে। (vii) অতঃপর bKash একাউন্ট এর Menu PIN টি লিখে Send Button Press করতে হবে। এরপর Payment Successful হলে একটি Payment Confirmation মেসেজ পাওয়া যাবে যা ভবিষ্যৎ প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। (viii) JnU Admission System-এর Payment Option-এ গিয়ে Payment Verify বাটনে ক্লিক করে Payment নিশ্চিত করুন। Payment Status দেখার জন্য Payment Status Button এ Click করুন। • bKash হেল্প লাইন নম্বর 16247	রূপালী ব্যাংক SureCash এজেন্ট একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে আবেদন ফি জমা দেয়ার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: i) Dial *495# ii) Payment এর জন্য **4** Press করতে হবে। iii) Payment Keyword **JNUF** লিখতে হবে। iv) অনলাইন থেকে প্রাপ্ত Application ID দিতে হবে। v) Customer Number হিসাবে শিক্ষার্থীর মোবাইল নম্বর লিখতে হবে, যেখানে শিক্ষার্থী পেমেন্ট নিশ্চিতকরণ SMS পাবেন। vi) SureCash একাউন্ট এর চার সংখ্যার গোপন PIN Number দিতে হবে। উক্ত প্রক্রিয়া সঠিক হলে শিক্ষার্থী একটি Successful SMS পাবে, যা ভবিষ্যৎ প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। Payment Status দেখার জন্য Payment Status Button এ Click করুন।	Rocket মোবাইল ব্যাংকিং একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে আবেদন ফি জমা দেয়ার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: (i) ডায়াল *৩২২# (ii) ১ ডায়াল করে Payment অপশন সিলেক্ট করতে হবে । (iii) ১ ডায়াল করে Bill Pay অপশন সিলেক্ট করতে হবে। (iv) নিজের একাউন্ট থেকে Payment করতে চাইলে ১ ডায়াল করে Self অপশন সিলেক্ট করতে হবে এবং অন্যের একাউন্ট থেকে Payment দিতে চাইলে ২ ডায়াল করে Other অপশন সিলেক্ট করে Enter Mobil Number এর স্থলে আবেদনকারীর মোবাইল নাম্বার দিতে হবে। (v) Enter Biller ID এর স্থলে **৩৯৯** টাইপ করতে হবে। (vi) Enter Bill Number এর স্থলে অবশ্যই Application ID টি প্রদান করতে হবে। (vii) Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকি Account এর PIN নম্বর দিতে হবে। (viii) রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে। Payment Status দেখার জন্য Payment Status Button এ Click করুন।

৭। **(ক) আবেদন করার সময়সূচি :**

ইউনিট/বিভাগ	**তারিখ থেকে পর্যন্ত**		**প্রদেয় আবেদন ফি'র পরিমাণ**	**মন্তব্য**
ইউনিট-১ বিজ্ঞান শাখা ইউনিট-২ মানবিক শাখা ইউনিট-৩ বাণিজ্য শাখা	০৫/৮/২০১৮	২৭/৮/২০১৮	১০০/-	নির্ধারিত জিপিএ ধারী আবেদনকারীকে প্রাথমিক বাছাই এর জন্য ১০০/- টাকা জমা দিয়ে আবেদন করতে হবে।
ইউনিট-১ বিজ্ঞান শাখা ইউনিট-২ মানবিক শাখা ইউনিট-৩ বাণিজ্য শাখা	৩১/৮/২০১৮	১৫/৯/২০১৮	৫০০/-	প্রাথমিকভাবে বাছাইকৃত ত্রিশ হাজার আবেদনকারীকে লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ভর্তি পরীক্ষা ফি বাবদ ৫০০/- টাকা জমা দিতে হবে।
সংগীত বিভাগ চারুকলা বিভাগ নাট্যকলা বিভাগ ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগের জন্য	৩১/৮/২০১৮	১৫/৯/২০১৮	৪০০/-	নির্ধারিত জিপিএ ধারী একজন আবেদনকারী নিজেকে যোগ্য মনে করলে ৪টি বিভাগেই আলাদাভাবে আবেদন করতে পারবে। প্রতিটি বিভাগে ভর্তি পরীক্ষায় (ব্যবহারিক এবং মৌখিক) অংশগ্রহণের জন্য ৪০০/- টাকা জমা দিতে হবে।

৭। **(খ)** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি), ইংলিশ মিডিয়াম অথবা বিদেশ থেকে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ০৫/৮/২০১৮ থেকে ২৭/৮/২০১৮ তারিখ পর্যন্ত **(অফিস চলাকালীন সময়ে)** কেন্দ্রীয় ভর্তি কমিটির সদস্য সচিব (রেজিস্ট্রার)-এর অফিসে যোগাযোগ করে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে।

৮। **ভর্তি পরীক্ষার সময়সূচি :**

ইউনিট/বিভাগ	তারিখ	বার	১ম শিফ্ট (সকাল)	২য় শিফ্ট (বিকাল)	মন্তব্য
ইউনিট-১ বিজ্ঞান শাখা	২৯/৯/২০১৮	শনিবার	১০.০০টা-১১.৩০টা পর্যন্ত	৩.০০টা-৪.৩০টা পর্যন্ত	বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের নিকটবর্তী শিক্ষা প্রতিষ্ঠানে, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তত্ত্বাবধানে লিখিত ভর্তি পরীক্ষা নেয়া হবে।
ইউনিট-২ মানবিক শাখা	০৬/১০/২০১৮	শনিবার	১০.০০টা-১১.৩০ টা পর্যন্ত	৩.০০টা-৪.৩০টা পর্যন্ত	
ইউনিট-৩ বাণিজ্য শাখা	১৩/১০/২০১৮	শনিবার	১০.০০টা-১১.৩০টা পর্যন্ত	৩.০০টা-৪.৩০টা পর্যন্ত	
সংগীত বিভাগ, চারুকলা বিভাগ, নাট্যকলা বিভাগ ও ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ	২৭/১০/২০১৮ তারিখ থেকে ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষা সংশ্লিষ্ট বিভাগে শুরু করা হবে।				

৯। **ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে পরীক্ষার্থীর করণীয় :**

(ক) সফলভাবে আবেদনকৃত পরীক্ষার্থীদের ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে, আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরে SMS, সংবাদপত্র ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে পরীক্ষার শুরুর দুইদিন পূর্বে জানানো হবে। পরীক্ষার্থীকে নির্ধারিত কেন্দ্রে/আসনেই পরীক্ষা দিতে হবে।

(খ) Admit Card ছাড়া কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। পরীক্ষার্থীকে Admit Card টি ভর্তি পরীক্ষার দিন পরীক্ষার হলে দায়িত্বরত প্রত্যবেক্ষকের নিকট উপস্থাপন করতে হবে এবং তাতে প্রত্যবেক্ষক কর্তৃক স্বাক্ষর করিয়ে নিতে হবে। প্রত্যবেক্ষক কর্তৃক স্বাক্ষরকৃত Admit Card টি পরীক্ষার্থীকে সংরক্ষণ করতে হবে কারণ পরবর্তীতে ভর্তির সময় প্রত্যবেক্ষক কর্তৃক স্বাক্ষরিত Admit Card টি প্রয়োজন হবে।

(গ) **Admit Card-এর ছবির সাথে শিক্ষার্থীর মিল না থাকলে তার ভর্তি পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।**

(ঘ) পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস বহন করা নিষিদ্ধ। এ ধরনের কোন সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করাসহ পরীক্ষা বাতিল করা হবে।

১০। **বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউট ও আসনসংখ্যা :**

ইউনিট-১ বিজ্ঞান শাখা :
পদার্থবিজ্ঞান-৮০টি, রসায়ন-৮০টি, গণিত-৮০টি, পরিসংখ্যান-৮০টি, প্রাণিবিদ্যা-৮০টি, উদ্ভিদবিজ্ঞান-৮০টি, ভূগোল ও পরিবেশ-৮০টি, মনোবিজ্ঞান-৮০টি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-৫০টি, অণুজীব বিজ্ঞান-৪০টি, ফার্মেসী-৩৫টি, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান-৩০টি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি-৩০টি। **মোট আসন সংখ্যা-৮২৫টি।**

ইউনিট-২ মানবিক শাখা:
বাংলা-৮০টি, ইংরেজি-৮০টি, ইতিহাস-৮০টি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-৮০টি, ইসলামিক স্টাডিজ-৮০টি, দর্শন-৮০টি, আইন ৮০টি, ভূমি ব্যবস্থাপনা ও আইন - ৬০টি, এডুকেশন (আই.ই.আর.)- ৫০টি, ইংলিশ ল্যাংগুয়েজ (আই.এম.এল.)- ৪০টি, অর্থনীতি-৮০টি, রাষ্ট্রবিজ্ঞান-৮০টি, সমাজবিজ্ঞান-৮০টি, সমাজকর্ম-৮০টি, নৃবিজ্ঞান-৮০টি, গণযোগাযোগ ও সাংবাদিকতা-৮০টি, লোক প্রশাসন-৮০টি। **মোট আসন সংখ্যা-১২৭০টি।**

ইউনিট-৩ বাণিজ্য শাখা :
একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্-১৬০টি, ম্যানেজমেন্ট স্টাডিজ-১৬০টি, মার্কেটিং-১০০টি, ফিন্যান্স-১০০টি। **মোট আসন সংখ্যা-৫২০টি।**

বিশেষায়িত বিভাগ : সংগীত-৪০টি, চারুকলা-৪০টি, নাট্যকলা-৪০টি, ফিল্ম এন্ড টেলিভিশন-৩০টি। **মোট আসন সংখ্যা-১৫০টি।**

সর্বমোট আসন সংখ্যা=২৭৬৫টি।

১১। **বিষয় পছন্দক্রম নির্ধারণ :** এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ও লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর এর ভিত্তিতে মেধা তালিকা প্রকাশের পর আবেদনকারী বিষয় পছন্দ (Subject Choice) করার সুযোগ পাবে। আবেদনকারীকে অগ্রাধিকার ভিত্তিতে বিষয় পছন্দ করতে হবে। ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ। পরবর্তী সময়ে আবেদনকারীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। **তাই ভর্তিচ্ছু ছাত্রছাত্রীকে ভেবেচিন্তে বিষয়ক্রম সাজাতে হবে।**

১২। **মেধা তালিকা প্রস্তুতকরণ :**
ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর এর ভিত্তিতে মেধা তালিকা প্রস্তুত করা হবে। মেধা ও ছাত্রছাত্রীদের দেয়া বিষয় পছন্দক্রমের সমন্বয়ে তৈরি চূড়ান্ত মেধা তালিকার মাধ্যমে বিভাগভিত্তিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১৩। ভর্তির আবেদন প্রক্রিয়ার বিস্তারিত তথ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(http://admission.jnu.ac.bd** অথবা **http://admissionjnu.info)**-এ পাওয়া যাবে।

[বি.দ্র. ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের সার্বিক ভর্তি প্রক্রিয়া সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পাদনের জন্য ভর্তি বিজ্ঞপ্তিটি অত্যন্ত মনোযোগ সহকারে পড়া অত্যাবশ্যক]

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার